

# বাঙলা ভাষা যে কাঁদে

-সাধন সরকার

(১৯৭৮)

প্রাচ্ছদ যতই টকটকে করি  
পলাশ এখনও ফোটেনি  
সোচ্চার হয়ে যতই বলি গো  
ভ্রান্তি এখনও কাটেনি ।।

তাইতো দেখিতে পাই  
পিছে ছিল যারা সন্মুখ সারিতে  
করিয়া নিয়াছে ঠাই ।।

এমনি নাকি হয়  
বাঁধাধরা পথে চলে দিন রাত  
জয় আর পরাজয় ।।

বিজ্ঞানেরা দেখাবেকি পথ  
তারাই পড়িছে ফাঁদে  
শব ব্যবচ্ছেদে মাতিয়া উঠিছে  
বাংলা ভাষা যে কাঁদে ।।

---\*\*---